

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট  
ঢাকা।

নং-১৯.০০.০০০০.৮৪৫.৪০.০১৮.২০২০/১৭৮৮

তারিখঃ ০৩ মার্চ ২০২২

প্রাপকঃ জনাব মোহাম্মদ এহতেশামুল হক খান  
পরিচালক (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ৭-১৮ মার্চ ২০২২ তারিখে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিতব্য "Conservation and sustainable use of marine biological diversity of areas beyond national jurisdiction (BBNJ)"-এর চতুর্থ অধিবেশনে অংশগ্রহণের নিমিত্ত বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে যুক্তরাষ্ট্র সফরের প্রশাসনিক মঞ্জুরি।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে আগামী ৭-১৮ মার্চ তারিখে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিতব্য "Conservation and Sustainable use of marine biological diversity of areas beyond national jurisdiction (BBNJ)"-এর চতুর্থ অধিবেশনে বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণ করতে আপনার অনুকূলে যুক্তরাষ্ট্র সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২. উল্লিখিত মঞ্জুরি আদেশের শর্তাবলী নিম্নরূপঃ

ক) ভ্রমণকালীন সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে। আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় পাবেন না।

খ) ভ্রমণ সংক্রান্ত যাবতীয় ব্যয় মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের জন্য বরাদ্দকৃত ২০২১-২০২২ অর্থবছরের বাজেট হতে নির্বাহ করা হবে; ভ্রমণের যাবতীয় খরচ বৈধ বিল ভাউচার জমা দিয়ে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়কের অফিস হতে উত্তোলন করবেন।

গ) উক্ত সফরে অংশগ্রহণের জন্য আপনি আগামী ৬ মার্চ ২০২২ বা এর নিকটবর্তী সময়ে নিউইয়র্ক পৌঁছাবেন এবং ১৯ মার্চ ২০২২ বা এর নিকটবর্তী সময় ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন।

০৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

AmH  
০৩/০৩/২০২২

(মোঃ আরাফাত রহমান)

সিনিয়র সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (প্রশাসন/আমেরিকাস) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

৩। পরিচালক (এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ/আমেরিকাস) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৪। রাষ্ট্রাচার উপপ্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।

৬। দুতালয় প্রধান, বাংলাদূত (ওয়াশিংটন ডি.সি./নিউইয়র্ক)।

৭। সিনিয়র/সহকারী সচিব (সংস্থাপন-১, অর্থ, বাজেট/ সাধারণ সেবা,) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৮। আইসিটি (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৯। অফিস কপি

AmH  
০৩/০৩/২০২২

(মোঃ আরাফাত রহমান)

সিনিয়র সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা